তত্ত্বগত দিক থেকে আমরা চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি ও ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির মধ্যে পার্থক্য করতে পারি। চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি এবং ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি আমরা উল্লেখ করতে পারি।

**প্রথমত,** চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির সময়ে দ্রব্যের বাজারে বাড়তি চাহিদা থাকার জন্য দ্রব্যের দাম বৃদ্ধি পায়। দ্রব্যের দাম বৃদ্ধি পেলে দ্রব্যের উৎপাদন লাভজনক হয়। ফলে ফার্মগুলি বেশি পরিমাণ দ্রব্য সামগ্রী উৎপাদন করতে চায়। কিন্তু উৎপাদনের উপকরণের পূর্ণ নিয়োগ অবস্থা বজায় থাকার জন্য উৎপাদনের উপকরণের চাহিদা বাড়লে উৎপাদনের উপকরণের দাম বৃদ্ধি পায়। কাজেই দ্রব্যের বাজারে বাড়তি চাহিদা দেখা দিলে তার প্রভাবে দ্রব্যের দাম যেমন বাড়ে তেমনি উৎপাদনের উপকরণের দামও (যেমন, মজুরির হার) বাড়ে। ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে বিপরীত ঘটনাক্রম লক্ষ্য করা যায়। ব্যয় বৃদ্ধিজনিত

মুদ্রাস্ফীতির ক্ষেত্রে পূর্ণ নিয়োগ অবস্থা আসার আগেই মজুরির হার বা অন্যান্য উপকরণের দাম বৃদ্ধি পায়। তার ফলে উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়। উৎপাদন ব্যয় বৃদ্ধি পেলে দ্রব্য সামগ্রীর যোগান কমে আসে। দ্রব্যের বাজারে যোগান কম কিন্তু চাহিদা একই থাকার জন্য দ্রব্যের দাম বাড়তে থাকে।

**দ্বিতীয়ত,** চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে ধরা হয় যে দেশে পূর্ণ নিয়োগ অবস্থা রয়েছে। শুধু পূর্ণ নিয়োগ অবস্থাতেই চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি দেখা দিতে পারে। কিন্তু ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে পূর্ণ নিয়োগ এই অনুমানটি ধরার প্রয়োজন হয় না। পূর্ণ নিয়োগের আগেই ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি দেখা দিতে পারে।

**তৃতীয়ত,** চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে উৎপাদন ব্যয় অপরিবর্তিত থাকে বলে ধরে নেওয়া হয়। তেমনি ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে চাহিদার পরিমাণও স্থির থাকে বলে ধরে নেওয়া হয়। অন্যভাবে বলতে গেলে চাহিদা বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে যোগান রেখাটি স্থির থাকে এবং চাহিদা রেখাটি পরিবর্তনের জন্যই দাম বৃদ্ধি পায়। কিন্তু ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে চাহিদা রেখাটি স্থির থাকে এবং যোগান রেখার পরিবর্তনের জন্যই দাম বৃদ্ধি পায়।

**চতুর্থত,** চাহিদা বৃদ্ধির ক্ষেত্রে অতিরিক্ত চাহিদা উপর থেকে দামকে টেনে তোলে। এজন্য ইংরাজীতে একে Demand-pull inflation বলা হয়। কিন্তু ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির ক্ষেত্রে উৎপাদন ব্যয় নিচের থেকে ঠেলা দিয়ে দামকে বাড়িয়ে দেয়। এজন্য ইংরাজীতে এই ধরনের মুদ্রাস্ফীতিকে Cost-push inflation বলা হয়। চাহিদা বৃদ্ধির ক্ষেত্রে এটি কাজ করে উপর থেকে। কিন্তু ব্যয় বৃদ্ধির ক্ষেত্রে এটি কাজ করে নিচে থেকে।